

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট	
খাদ্য অধিদপ্তর, ঢাকা।	
ডায়েরি নং: ১৫৩	তারিখ:
<input type="checkbox"/> প্রোগ্রামার	10 MAR 2016
<input type="checkbox"/> সহকারী প্রোগ্রামার	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩৪.৩২.০১৫.১৫.৩৪৮

তারিখ: ০৭/০৩/২০১৬ খ্রিঃ।

- প্রাপকঃ ১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক (সকল).....।
৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।
৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল).....।

বিষয়ঃ খাদ্য অধিদপ্তরের ৪র্থ থেকে ৯ম গ্রেডভুক্ত ১ম শ্রেণীর ক্যাডার/নন-ক্যাডার কর্মকর্তা, ২য় শ্রেণীর কর্মকর্তা ও ১১তম থেকে ২০তম গ্রেডভুক্ত কর্মচারীদের অর্জিত ছুটি, মাতৃত্বকালীন ছুটি ও শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরের আর্থিক ক্ষমতা উপ-হস্তান্তর প্রসঙ্গে।

খাদ্য মন্ত্রণালয়ের ০৯/১২/২০১৫ তারিখের ৫৯২ নং স্মারকে প্রদত্ত নির্দেশনা ও মন্ত্রিপরিষদ বিভাগের ১২/০৮/২০১৪ তারিখের ৩২৮ নং স্মারকের আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ মডেল অনুসরণপূর্বক আর্থিক ক্ষমতা নিম্নোক্তভাবে উপ-হস্তান্তর করা হল-

ক্রঃ নং	বিষয়	মঞ্জুরকারী কর্তৃপক্ষ			
		মহাপরিচালক	আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/ প্রধান নিয়ন্ত্রক/ সাইলো সুপার/প্রধান মিলার	জেলা খাদ্য নিয়ন্ত্রক/ ব্যবস্থাপক, সিএসডি/ চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১	বিএসআর এর বিধি ১৪৯ এবং নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর বিধি-৭ অনুযায়ী ব্যক্তিগত/পারিবারিক কারণে ও মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অনধিক তিন মাস পর্যন্ত গড় বেতনে/অর্ধগড় বেতনে দেশের অভ্যন্তরে অর্জিত ছুটি মঞ্জুরি	ক) নিজ দপ্তরের নবম-চতুর্থ গ্রেডভুক্ত প্রথম শ্রেণীর কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং ১০ম গ্রেডভুক্ত দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা খ) বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ে পঞ্চম গ্রেডভুক্ত দপ্তর প্রধান এবং পঞ্চম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা গ) নিজ দপ্তরের এগার থেকে বিশ গ্রেডভুক্ত (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণী) কর্মচারী	ক) নিজ দপ্তরের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণীর কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং ১০ম গ্রেডভুক্ত দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা খ) জেলা ও উপজেলা পর্যায়ে ষষ্ঠ গ্রেডভুক্ত দপ্তর প্রধান এবং ষষ্ঠ গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা গ) নিজ দপ্তরের এগার থেকে বিশ গ্রেডভুক্ত (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণী) কর্মচারী	ক) নিজ দপ্তরের এবং নিয়ন্ত্রণাধীন দপ্তরের নবম-সপ্তম গ্রেডভুক্ত প্রথম শ্রেণীর কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং নিজ দপ্তরের ১০ম গ্রেডভুক্ত দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা খ) নিজ দপ্তরের এগার থেকে বিশ গ্রেডভুক্ত (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণী) কর্মচারী	ক) নিজ দপ্তরের ১০ম গ্রেডভুক্ত দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা খ) নিজ দপ্তরের এগার থেকে বিশ গ্রেডভুক্ত (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণী) কর্মচারী
২	দেশের অভ্যন্তরে ভোগের ক্ষেত্রে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুরি	ক) নিজ দপ্তরের নবম-চতুর্থ গ্রেডভুক্ত প্রথম শ্রেণীর কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং ১০ম গ্রেডভুক্ত দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা খ) বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ে পঞ্চম গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা গ) নিজ দপ্তরের এগার থেকে বিশ গ্রেডভুক্ত (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণী) কর্মচারী	ক) নিজ দপ্তরের নবম-ষষ্ঠ গ্রেডভুক্ত প্রথম শ্রেণীর কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং ১০ম গ্রেডভুক্ত দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা খ) জেলা ও উপজেলা পর্যায়ে ষষ্ঠ গ্রেডভুক্ত দপ্তর প্রধান ও ষষ্ঠ গ্রেডভুক্ত অন্যান্য কর্মকর্তা গ) নিজ দপ্তরের এগার থেকে বিশ গ্রেডভুক্ত (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণী) কর্মচারী	ক) নিজ দপ্তরের নবম-সপ্তম গ্রেডভুক্ত প্রথম শ্রেণীর কর্মকর্তা (ক্যাডার-নন-ক্যাডার) এবং ১০ম গ্রেডভুক্ত দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা এবং নিয়ন্ত্রণাধীন দপ্তরের নবম সপ্তম গ্রেডভুক্ত দপ্তর প্রধান খ) নিজ দপ্তরের এগার থেকে বিশ গ্রেডভুক্ত (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণী) কর্মচারী	ক) নিজ দপ্তরের নবম-অষ্টম গ্রেডভুক্ত প্রথম শ্রেণীর কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) এবং ১০ম গ্রেডভুক্ত দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা খ) নিজ দপ্তরের এগার থেকে বিশ গ্রেডভুক্ত (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণী) কর্মচারী

চলমান পাতা ২

